

اللطيف

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৩১ তম নাম ‘اللطيف’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘اللطيف’ শব্দের মূল ل - ط - ف, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৮ বার এসেছে। সাবধান হওয়া, একমাত্র সুক্ষদর্শী অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ اللطيف অর্থ: ‘তিনি একমাত্র সুক্ষদর্শী’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

أَلَا يَعْلَمُ مَنْ خَلَقَ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ ﴿١٤﴾

যিনি সৃষ্টি করেছেন তিনি কি জানবেন (তোমাদের গোপন ও প্রকাশ্য কথা) না? অথচ তিনি হলেন সুক্ষদর্শী, সব অবগত। (সূরা আল মূলক: আয়াত নং ১৪)

اللَّهُ لَطِيفٌ بِعِبَادِهِ يَرْزُقُ مَنْ يَشَاءُ وَهُوَ الْقَوِيُّ الْعَزِيزُ ﴿١٩﴾

আল্লাহ তাঁর বান্দাদের প্রতি সুক্ষদর্শী। তিনি যাকে ইচ্ছা জীবিকার প্রাচুর্য দিয়ে থাকেন। তিনি সর্বশক্তিমান, সর্বময় ক্ষমতার অধিকারী। (সূরা আশ’শুরা: আয়াত নং ১৯)

لَّا تُدْرِكُهُ الْأَبْصَارُ وَهُوَ يُدْرِكُ الْأَبْصَارَ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ ﴿١٠٣﴾

কোন দৃষ্টি তাঁকে ধারণ করতে পারে না, কিন্তু তিনি ধারণ করেন সব দৃষ্টি। আর তিনি সুক্ষদর্শী সব বিষয়ের খবর রাখেন। (সূরা আন’আম: আয়াত নং ১০৩)

আবু দাউদ শরীফের হাদিস-

নম্র ও মার্জিত ব্যবহার করো, কারও মধ্যে এ গুণ থাকলে তার সৌন্দর্য বেড়ে যায়, এই গুণ বিহীন মানুষ নিজের চরিত্রের ক্ষতি করে।

আল্লাহকে ভয় করা উচিত, কারণ তিনি সূক্ষ্মদর্শী। আল্লাহ ও রাসূলের নির্দেশের অনুগত্য করে জীবন যাপন করলে আল্লাহ আমাদের প্রতি সন্তুষ্ট হবেন এবং দুনিয়া ও আখেরাতে কল্যাণ দান করবেন। মানুষের সাথে ভালো আচরণ করার নির্দেশ আল্লাহ দিয়েছেন, সেই নির্দেশ আমরা মেনে চলি। আল্লাহর সাথে কাউকে শরিক করলে সে গুনাহ আল্লাহ মাফ করবেন না। আল্লাহ আমাদের সহায় হউন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা